



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং ৪৬.০০.০০০০.০৮৫.০৯৯.০৮০.২০১৭-২১০


তারিখঃ ১৩ এপ্রিল, ২০২১ খ্রি.

সভার নোটিশ

কোভিড-১৯ মোকাবিলায় ওয়াসাসমূহের করণীয় সম্পর্কে অবহিতকরণ এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অগ্রগতি পর্যালোচনা সভা আগামী ১৪.০৪.২০২১ খ্রি. তারিখ বুধবার সকাল ১১:৩০ টায় ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে। সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ সভায় সংযুক্ত থাকবেন।

০২। সভায় কোভিড-১৯ মোকাবিলায় গৃহীত পদক্ষেপসমূহ এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অগ্রগতি সম্পর্কিত পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।

০৩। ভার্চুয়াল সভায় সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্ধারিত সময়ে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। Meeting ID: 8248927155, Passcode: 1a2b3c.


(মোহাম্মদ ফজলে আজিম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৭০

বিতরণ:

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা ওয়াসা।

অনুলিপি: (সভায় যোগদানের অনুরোধসহ):

- ১। অতিরিক্ত সচিব (পাস), মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ
- ২। যুগ্মসচিব (পাস/পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- ৪। উপসচিব (প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে আগামী ১৪.০৪.২০২১ খ্রি. তারিখ বুধবার সকাল ১১:৩০ টায় অনুষ্ঠিতব্য ভার্চুয়াল সভার কার্যপত্র

- ১। করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনের বিদ্যমান পরিস্থিতিতে সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন।
- ২। আসন্ন পবিত্র রমজান মাসে পানি সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তুতিমূলক পদক্ষেপসমূহ প্রতিপালনঃ
 - ইফতার ও সেহরির সময় জনসমাগমের স্থানে ট্রলি ও ভ্যানগাড়িতে অথবা পানির ট্যাংক স্থাপন করে পানি সরবরাহের প্রস্তুতি নিতে হবে;
 - রাজধানীসহ মহানগরীর মসজিদগুলোতে পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
 - পানির গাড়ি, ট্রাক্টর, পানির ট্যাংক ও জেনারেটরগুলো যাতে কার্যক্ষম থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
 - গভীর নলকূপসমূহে লোডশেডিং এড়ানোর জন্য বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
 - লোডশেডিং এর সময় বিদ্যুৎ দ্বারা পাম্প চালানোর জন্য ফিডার হতে বিদ্যুৎ সংযোগ (ডুয়েল সংযোগ) এবং স্ট্যান্ডবাই পাওয়ার সোর্স হিসেবে পর্যাপ্ত ফিক্সড জেনারেটর এবং মোবাইল জেনারেটরের ব্যবস্থা রাখতে হবে;
 - জরুরী প্রয়োজনে পানি সরবরাহের জন্য পর্যাপ্ত পরিমাণে পানির গাড়ি, ট্রাক্টর প্রস্তুত রাখতে হবে;
 - সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ও গভীর উৎপাদক নলকূপের জরুরী মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য প্রয়োজন অনুযায়ী যন্ত্রাংশ ভান্ডারে মজুত রাখতে হবে;
 - অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অভিযোগকেন্দ্র স্থাপন এবং ২৪ ঘন্টা অভিযোগ কেন্দ্রসমূহ খোলা রাখার ব্যবস্থা গ্রহণ;
 - জোনওয়ারী পানির পাম্প মনিটরিং করার জন্য গঠিত ভিজিলেন্স টিমকে তৎপর থাকতে হবে।
- ৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অগ্রগতি সম্পর্কিত পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন।